সেল্ফ টেক হবে দেশের এক নাম্বার আইটি প্লাটফর্ম – শাহাদাত হোসাইন শাহীন

সেল্ফ টেক গ্রুপের চেয়ারম্যান মো. শাহাদাত হোসাইন শাহীন বলেছেন, দেশ এখন ডিজিটাল হয়েছে, তাই শিক্ষিত বেকাররা এখন আগের মত চাকুরীর পিছনে ছোটে না। তারা এখন উদ্যোগতা হতে চায়। এরই ধারাবাহিকতায় সেল্ফ টেক সারা দেশে উদ্যোগতা তৈরির লক্ষ্যে কাজ করছে। অল্পদিনের ভিতর সেল্ফ টেক হবে দেশের এক নম্বর আইটি প্লাটফর্ম। শনিবার (২৭ ফেব্রয়ারী) সকালে সেন্টমার্টিনের একটি অভিজাত হোটেলে প্রতিষ্ঠানের আনন্দ ভ্রমন ও সফল উদ্যোগতা গ্রান্ড সেলিব্রেশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

সেল্ফ টেক গ্রুপের পরিচালক (প্রশাসন) মো. রবিউল হোসাইন শামীমের সভাপতিত্বে এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, সেল্ফ টেক গ্রুপের কর্মকর্তা খোরশেদ আলম, আব্দুল্লাহ আল মামুন, রানা বড়ুয়া, সফল উদ্যোগতা মিঠুন দাস, জয়রাজ শিমুল, হাবিবুর রহমান, মো. রফিকুল ইসলাম সোহেল, ফকির মিন্টু আলী, সেলিম হোসেন প্রমুখ।



অনুষ্ঠানে সফল উদ্যোগতাদের ফুল, সম্মাননা স্মারক ও প্রনোদনার অর্থ দেয়া হয়।

পরে সেল্ফ টেকের অনলাইনে বিমান টিকিটের উদ্বোধন ও এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়েজন করা হয়ে।